আজকের কাগজ

তারিখ 13 NOV 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

লেখা হরকন

# ১৮ নভেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ খুলে দেয়া হচ্ছে

## মিলন হল বন্ধ থাকবে

কাগজ প্রতিবেদক : গত ১১ নভেম্বর শিক্ষাপরিবেশ পরিষদের এক সভায় আগামী ১৮ নভেম্বর থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ডঃ কিউএটিএম হাবিবুর রহমান।

গত ১৫ জুন কলেজে দুটি ছাত্র সংগঠনের মধ্যে সশস্ত্র সংঘর্ষের পর কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছিল। তবে ১৮ নভেম্বর কলেজ খুললেও একমাত্র ছাত্রাবাস শহীদ ডাঃ মিলন হল বন্ধ থাকবে। তত্ত্বাবধায়ক না থাকায় ঐ হল খোলা হবে না বলে কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছেন।

এদিকে কলেজের শিক্ষা পরিষদের সভায় শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়েছে।

48